## Sanatan Dharma

---

**হরে কৃষ্ণ কি কোনো মহামন্ত্র?**

হরে কৃষ্ণ কি কোনো মহামন্ত্র?

**উত্তর** □ একদমই না..........

তবে এই হরে কৃষ্ণ মন্ত্র যে গৌড়ীয় বৈষ্ণব রা খুব ধুমধাম করে কলিযুগের মহামন্ত্র বলে প্রচার করছে, সেটা কেন ??

উত্তর □ এটা আসলে মানুষ কে শর্টকার্টে গোলকধামে পৌঁছে দেওয়ার নামে একটা ব্যবসায়িক কুমতলব। যারা প্রচার করছে তারা তাদের অসাধু ব্যবসা চালাতে এই সব সব মনগড়া গল্প লোকের ঘরে ঘরে প্রচার করে করে মগজ ধোলাই করে মানুষের মুখে মুখে প্রচলিত করেছে।

মানুষ কে বলা হচ্ছে যে আপনি সব ত্যাগ করে শুধু এই হরে কৃষ্ণ মহামন্ত্র জপ করুন তাহলে গোলক ধামে প্রমোশন পাবেন শর্টকার্টে। মানুষ এমনিতেই ভীষণ পরিমাণে অলস তথা কুড়ে তারপরে আরো শর্টকাটে ভগবান কে লাভ করা যাবে এটা ভেবেই অশাস্ত্রীয়(অবৈদিক) হরে

কৃষ্ণ মন্ত্র সারাদিন জপ করে চলেছে গলায় একটা ঝুলি ঝুলিয়ে ।

শাস্ত্রে বলা হয়েছে জপ করবার স্থান যেন শান্ত পরিবেশের হয়., সেই স্থানে শান্ত হয়ে বসে চুপ করে মনে মনে মন্ত্র উচ্চারণ করে হাতে কর গুনে বা মালাতে জপ করতে হবে , কিন্তু এই অপপ্রচারকারীরা বিগত চারশো বছর ধরে রাস্তাঘাটে লাফিয়ে লাফিয়ে নাচনকোদন করতে, লোকের সাথে কথা বলতে বলতে, ৩২টা দাঁত বের করে হাসাহাসি করতে করতে লোকদেখানো "হরেকৃষ্ণ" জপ করছে। আজকাল তো এরা এত অলস হয়ে গেছে যে, টিভি সিরিয়াল দেখতে দেখতে "হরেকৃষ্ণ" জপ করে।

সুতরাং এসব অশাস্ত্রীয় কারবার , নামধারী ভক্তরাই এই অশাস্ত্রীয় "হরে কৃষ্ণ" জপছে।

Published on: Apr, 17 2023 09:06